

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল(ইভি)

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২৩

শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলা

অধ্যায়: প্রথম

সর্বনাম ও ক্রিয়াপদ:

সর্বনাম: নামের বদলে সর্বনাম শব্দ বসে। মর্যাদা অনুযায়ী সর্বনাম মূলত তিন ধরনের:

১। সাধারণ সর্বনাম

২। মানী সর্বনাম

৩। ঘনিষ্ঠ সর্বনাম

সাধারণ সর্বনাম: তুমি বলা যায় ভাই-বোনকে, ঘনিষ্ঠজনকে, বাবা-মাকে ও বন্ধুকে। এগুলো সাধারণ সর্বনাম। যেমন: তুমি, তোমার, তোমাকে, তোমাদের, সে, তার, তাকে, তারা, তাদের।

মানী সর্বনাম: আপনি করে বলতে হয় শিক্ষককে, বয়সে বড়ো আত্মীয় স্বজনকে, অপরিচিত লোককে। এগুলো মানী সর্বনাম। যেমন: আপনি, আপনার, আপনাকে, আপনারা, আপনাদের, তিনি, তাঁর, তাঁকে, তাঁদের।

ঘনিষ্ঠ সর্বনাম: কারো সঙ্গে অতি ঘনিষ্ঠতা থাকলে অথবা কাউকে তুচ্ছতাচ্ছল্য করতে তুই বলা হয়। এগুলো ঘনিষ্ঠ সর্বনাম। যেমন: তুই, তোরা, তোকে, তোদের, ও, ওর, ওকে, ওরা, ওদের।

ক্রিয়াপদ: বাক্যে যেসব শব্দ দিয়ে কাজ বোঝায়, সেগুলোকে ক্রিয়া বলে। যেমন: শোনা, বলা, পড়া, লেখা, গাওয়া। মর্যাদা অনুযায়ী সর্বনামের যেমন পরিবর্তন হয়, ক্রিয়ারও তেমন পরিবর্তন হয়। যেমন: তুমি করো, আপনি করুন, তুই করিস।

সর্বনাম ও ক্রিয়া দিয়ে বাক্য তৈরি:

নিচের ছকের সর্বনাম অনুযায়ী যেকোনো ক্রিয়া ব্যবহার করে বাক্য তৈরি করো।

সর্বনাম	ক্রিয়া	বাক্য
১। তুমি/তোমরা		
২। আপনি/আপনারা		
৩। তুই/তোরা		
৪। সে/তারা		
৫। তিনি/তাঁরা		
৬। ও/ওরা		

যোগাযোগ: মানুষ নানা প্রয়োজনে একে অন্যের সাথে যোগাযোগ করে। যোগাযোগ মূলত দুইভাবে হয়:

১। ভাষিক যোগাযোগ

২। অভাষিক যোগাযোগ

ভাষিক যোগাযোগ: শোনা, বলা, পড়া, লেখা বা ভাষা প্রকাশের মধ্য দিয়ে যে যোগাযোগ সম্পন্ন হয় তাকে ভাষিক যোগাযোগ বলে। শোনার কাজে মুখ ও কানের ভূমিকা প্রধান। যন্ত্র দিয়ে তৈরি শব্দও আমরা কান দিয়ে শুনতে পাই। অন্যদিকে লেখা ও পড়ার কাজে হাত ও চোখ প্রধান ভূমিকা রাখে। কথা বলা, বই পড়া, ফোনে আলাপ করা ও বার্তা পাঠানো, রেডিও-টেলিভিশন শোনা ও দেখা, কাগজে লেখা বা কম্পিউটারে টাইপ করা ইত্যাদি ভাষিক যোগাযোগের উদাহরণ।

অভাষিক যোগাযোগ: অভাষিক বলতে মুখভঙ্গি, শারীরিক অঙ্গভঙ্গি, হাত ও চোখের ইশারা, হাতের স্পর্শ, ছবি ও সংকেতকে বুঝানো হয়। অর্থাৎ ইশারা-ইঙ্গিত বা সংকেতের সাহায্যে যে যোগাযোগ সম্পন্ন হয় তাকে অভাষিক যোগাযোগ বলে।

জরুরি যোগাযোগ: অনেক সময় আমাদের জরুরি প্রয়োজনে কারো সঙ্গে বা কোনো সংস্থার সঙ্গে যোগাযোগ করতে হয়। এমন পরিস্থিতিতে কার সঙ্গে যোগাযোগ করবে নিচের টেবিলটি পূরণ করে দেখাও:

জরুরি পরিস্থিতি	কার সঙ্গে যোগাযোগ করবে
১। তোমার এলাকার কোনো বাড়িতে আগুন লেগেছে।	
২। খেলার মাঠে এক বন্ধু হঠাৎ অসুস্থ হয়ে পড়েছে।	
৩। ঝড়ের পরে বিদ্যুতের তার রাস্তায় পড়ে আছে।	
৪। হারিয়ে যাওয়া কোনো শিশুকে খোঁজে পাওয়া গেছে।	